**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**লালমাই, কুমিল্লা**
**www.lalmai.comilla.gov.bd**

নম্বর: ০৫.৪২.১৯৭৩.০০০.৯৯.০০১.২৪-১৯৯

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ / ১১ ফেব্রুয়ারি ২০২৪

**বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২১.০৯.২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এবং স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩ নং পরিপত্র মোতাবেক কুমিল্লা জেলার লালমাই উপজেলাধীন নিম্নোক্ত "ক" তফশীলে বর্ণিত হাট-বাজারসমূহ আগামী ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে হাট-বাজার ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. বা ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ তারিখ সকাল ০৯.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার (ভূমি), লালমাই, লালমাই থানা, লালমাই ও সোনালী ব্যাংক লিঃ, লালমাই উপজেলা শাখা, লালমাই, কুমিল্লা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। বিজ্ঞপ্তিটি **www.lalmai.comilla.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে**। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ০৩:৩০ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) গৃহীত দরপত্রগুলো খোলা হবে।

দরপত্র সিডিউল ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার (ভূমি), লালমাই, লালমাই থানা, লালমাই ও সোনালী ব্যাংক লিঃ, লালমাই উপজেলা শাখা, লালমাই, কুমিল্লা এর কার্যালয়সমূহে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে সিডিউল অফিস চলাকালিন সময়ে নগদমূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। উল্লেখ্য, ১ম বারের টেন্ডারে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত না হলে টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত "খ" তফশীল বর্ণিত দিন পঞ্জিকায় উল্লিখিত তারিখসমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এর জন্য আলাদা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালিন সময়ে জানা যাবে।

**"ক"-তফসিল**

| ক্রম | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | বাগমারা বাজার | ২ নং বাগমারা দক্ষিণ | ৬,০৭,৭৩৪/- | ২,০০০/- |
| ০২ | ভুশ্চি ছাগল বাজার | ৪ নং ভুলইন দক্ষিণ | ২,৫৯,১৭০/- | ১,২০০/- |
| ০৩ | ভুশ্চি গরু বাজার | ৪ নং ভুলইন দক্ষিণ | ৭,২৪,৮৬৬/- | ২,২০০/- |
| ০৪ | ভুশ্চি তোহা বাজার | ৪ নং ভুলইন দক্ষিণ | ৭,২৬,৬৩১/- | ২,২০০/- |
| ০৫ | হরিশ্চর বাজার | ৫ নং পেরুল উত্তর | ১,৩৬,১৪০/- | ১,০০০/- |
| ০৬ | আলীশ্বর বাজার | ৫ নং পেরুল উত্তর | ৬০,৮০৯/- | ৫০০/- |
| ০৭ | আটিটি বাজার | ৫ নং পেরুল উত্তর | ৩৮,৮৩২/- | ৫০০/- |
| ০৮ | বেলঘর বাজার | ৭ নং বেলঘর উত্তর | ১৮,০৭০/- | ৫০০/- |
| ০৯ | গৈয়ারভাঙ্গা বাজার | ৭ নং বেলঘর উত্তর | ৮৪,৮০০/- | ৫০০/- |
| ১০ | পরতী বাজার | ৪ নং ভূলইন দক্ষিণ | ১,০৬০/- | ৫০০/- |
| ১১ | উত্তর দূর্গাপুর বাজার | ৩ নং ভূলইন উত্তর | ১,৩২৫/- | ৫০০/- |
| ১২ | হাজতখোলা বাজার | ৩ নং ভূলইন উত্তর | ১,৮৬৬/- | ৫০০/- |
| ১৩ | নুরপুর বাজার | ৯ নং বাকই উত্তর | ৮,৮৩৭/- | ৫০০/- |
| ১৪ | ভাবক পাড়া বাজার | ৯ নং বাকই উত্তর | ৬,৪৮৪/- | ৫০০/- |
| ১৫ | কাপাশতলা বাজার | ৯ নং বাকই উত্তর | ৫৭২/- | ৫০০/- |
| ১৬ | যুক্তিখোলা বাজার | ৮ নং বেলঘর দক্ষিণ | ১৭,০১৭/- | ৫০০/- |
| ১৭ | বাংলা বাজার | ৮ নং বেলঘর দক্ষিণ | ৩,৭০০/- | ৫০০/- |

**"খ"-তফসিল**

| ক্রম | দরপত্র আহবানের পর্যায় | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | প্রথম পর্যায় | ১৪ ফাল্গুন ১৪৩০<br>২৭ ফেব্রুয়ারি ২০২৪<br>বিকাল: ০৪.০০ টা | ১৫ ফাল্গুন ১৪৩০<br>২৮ ফেব্রুয়ারি ২০২৪<br>সকাল: ০৯.০০ টা হতে বেলা: ০১.০০ টা | ১৫ ফাল্গুন ১৪৩০<br>২৮ ফেব্রুয়ারি ২০২৪<br>বিকাল: ০৩.৩০ টা |
| ০২ | দ্বিতীয় পর্যায় | ২৬ ফাল্গুন ১৪৩০<br>১০ মার্চ ২০২৪<br>বিকাল: ০৪.০০ টা | ২৭ ফাল্গুন ১৪৩০<br>১১ মার্চ ২০২৪<br>সকাল: ০৯.০০ টা হতে বেলা: ০১.০০ টা | ২৭ ফাল্গুন ১৪৩০<br>১১ মার্চ ২০২৪<br>বিকাল: ০৩.৩০ টা |
| ০৩ | তৃতীয় পর্যায় | ০৬ চৈত্র ১৪৩০<br>২০ মার্চ ২০২৪<br>বিকাল: ০৪.০০ টা | ০৭ চৈত্র ১৪৩০<br>২১ মার্চ ২০২৪<br>সকাল: ০৯.০০ টা হতে বেলা: ০১.০০ টা | ০৭ চৈত্র ১৪৩০<br>২১ মার্চ ২০২৪<br>বিকাল: ০৩.৩০ টা |

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১ লা বৈশাখ হইতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেব সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাদানকারী বরাবর প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর **অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমা-কৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।**

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারে জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৬। **খামের উপরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।**

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে =৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করিতে হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/২/২৪

(মৌমিতা দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমাই, কুমিল্লা
মোবাইল নং-০১৭৩৩৩৫৪৯২১
ফোন নম্বর: ০২-৩৩৪৪৪৮০৩০
ই-মেইল: unolalmai.gmail.com

নম্বর: ০৫.৪২.১৯৭৩.০০০.৯৯.০০১.২৪-১৯৯/১(২০০)

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ / ১১ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। জেলাপ্রশাসক, কুমিল্লা।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা।

০৬। সহকারী কমিশনার (ভূমি), লালমাই, কুমিল্লা (বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)

০৭। উপজেলা ........................................................................................................ অফিসার/অফিসার ইনচার্জ, লালমাই থানা, লালমাই, কুমিল্লা।

০৮। সাব- রেজিষ্টার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

০৯। চেয়ারম্যান ..........................................ইউ.পি (সকল), লালমাই, কুমিল্লা (তাঁর নোটিশ বোর্ড ও ইউনিয়নে মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................., (সকল),লালমাই, কুমিল্লা (তাঁর নোটিশ বোর্ড ও ইউনিয়নে মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। সভাপতি/সম্পাদক ......................................................................................................... বাজার কমিটি, লালমাই, কুমিল্লা।

১২। সম্পাদক ........................................ উপরিউক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় স্বল্প পরিসরে আগামী ............................ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশের এবং প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩। নোটিশ বোর্ড।

২১/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
লালমাই, কুমিল্লা